

বর্তমান

29th January, 2013

নি, হিপ রিপ্লেসমেন্টে মুশকিল আসান 'অর্থোপাইলট' চালু হল বেলভিউতে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: নি এবং হিপ রিপ্লেসমেন্ট নিখুঁতভাবে করতে সোমবার বেলভিউ ক্লিনিকে চালু হল 'অর্থোপাইলট' নামে কম্পিউটার চালিত এক বিশেষ মেশিন। জার্মানি থেকে আনা অত্যাধুনিক এই মেশিনের উদ্বোধন করেন হাসপাতালের সি ই ও প্রদীপ ট্যান্ডন। হাসপাতালের অর্থোপেডিক বিভাগের প্রধান ডাঃ সন্তোষ কুমার জানান, এখনও পর্যন্ত কলকাতার বেশিরভাগ হাসপাতালেই 'ম্যানুয়ালি' নি ও হিপ রিপ্লেসমেন্ট অপারেশন করা হয়ে থাকে। ফলে, কিছু ভুল হয়ে যাওয়ার আশঙ্কা সব সময়ই থেকে যায়। কিন্তু অত্যাধুনিক এই মেশিন অনেকটাই 'নেভিগেটর'-এর কাজ করবে। অপারেশনের সময় ইমপ্লান্ট ঠিক কোন জায়গায় বসানো হবে তা ঠিক করা থেকে শুরু করে পুরো অপারেশনটাই যাতে নিখুঁত হয়, তা সুনিশ্চিত করবে এই মেশিন। ফলে অনেকদিন পর্যন্ত রোগী স্বাভাবিক জীবনযাপন করতে পারবেন। ডাঃ কুমার জানান, সাধারণ পদ্ধতিতে নি বা হিপ রিপ্লেসমেন্ট অপারেশন করলে রোগীর সুস্থ হয়ে উঠতে কম করে তিন থেকে ছয় মাস সময় লেগে



যায়। সেখানে এই মেশিনের সাহায্যে অপারেশন করলে মাত্র চার থেকে পাঁচ সপ্তাহের মধ্যেই রোগী সম্পূর্ণ সুস্থ হয়ে উঠতে পারবেন।